

আসসালামু আলাইকুম, আমি ডেনিল। বর্তমানে অস্ট্রেলিয়াতে আছি গত কয়েক মাস যাবত। আমার বেড়ে উঠা বাংলাদেশে। পরিবার, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, পড়াশুনা, চাকরী সবকিছু এ দেশেই। আমার স্বামীর উচ্চতর শিক্ষার সুবাদে দেশ ছেড়ে এত দূরে আমাদের আসা।

ঢাকাতে আমার বড় হয়ে উঠা। চার জনের ছোট এক পূর্ণ পরিবারে। সকালে স্কুল, বিকেলে খেলা পাড়ার ছেলে মেয়েদের সাথে, সন্ধ্যায় পড়াশুনা, রাতে খাবারের টেবিলে সবার এক সাথে গল্প, বিটিভিতে অনুষ্ঠান দেখা, বছরে ঈদের ছুটিতে নানুবাড়ি ঘুরতে যাওয়া; এভাবে একটা স্বাভাবিক পরিবেশে জীবনের শুরুটা হয়েছে। স্কুল কলেজ ঢাকাতে হলেও বিশ্ববিদ্যালয় আমার ময়মনসিংহে। চার জনের ছোট পরিবার থেকে প্রথম প্রবেশ করি শত শত মানুষের সাথে জীবন সংগ্রামের যুদ্ধে প্রস্তুতপর্বে। রংপুর, দিনাজপুর, বগুড়া, বরিশাল, সিলেট, চট্টগ্রাম এমন কোনো জায়গা নেই বাংলাদেশের যেখান থেকে সহপাঠী পাইনি। পরিবার থেকে দূরে এসে সবাই বৃহৎ এক পরিবারের অংশ হয়ে গিয়েছিলাম আমরা এই সাড়ে ৫ বছরের সময়টা। নিজের সমস্ত কাজ নিজে করা, কারো অসুস্থতায় পাশে থাকা, নৌকায় নদীতে ঘুরে বেড়ানো, বৈশাখ, ফাল্গুন, কারো জন্মদিন সবাই মিলে উদযাপন করা, বিভিন্ন অঞ্চলের রান্না শেখা, রাত জেগে পরীক্ষার প্রস্তুতি নেয়া বন্ধুরা মিলে, গাছ থেকে আম, কাঁঠাল, লিচু, জাম পেড়ে খাওয়া, শিক্ষকদের নিয়ে পুরো বাংলাদেশ ঘুরে দেখা।

স্নাতকোত্তর শেষেই বিয়ে করি খুব ভাল মনের এক মানুষকে। ঢাকাতেই ছোট এক বাসাতে আমাদের সংসারের শুরু এবং সাথে চাকরী যুদ্ধ। একদমই সহজ ছিল না। সারা দেশের লাখ লাখ মানুষের মাঝে সরকারি চাকরী অবশ্য পেয়েই যাই। তারপর আবার কয়েক বছর চাকরির সুবাদে ঢাকার বাহিরে কয়েক অঞ্চলে কাজ করা এবং কিছু ভালো বন্ধু পাওয়া কর্মস্থলে।

অস্ট্রেলিয়ার জীবনটা যদি বলি, পরিবার, বন্ধু, দেশ সব থেকে দূরে নতুন করে আবারো এক জীবন শুরু করার মত। মানুষ, ভাষা, নিয়ম, সংস্কৃতি সব কিছুর সাথে নিজেকে মানিয়ে নিয়ে চলা। যেটা আমি আগেও করেছি জীবনের বিভিন্ন পর্যায়ে কিন্তু একা। এখন আমি এবং আমার স্বামী, আমরা দুইজন আছি নতুন এক পথ চলার সময়টায় এক জন আরেক জনের সাথে থাকতে।